daily observer
Second Edition
We stand for people's rights
www.observerbd.com
Date: 24-02-2019 Page : 08, Col 5-7 Size: 23 Col*Inc

## GAIBANDHA DIALOGUE ON SDGS

# Thrust on active participation of all people in development work

**Our Correspondent**

GAIBANDHA, Feb 23: Speakers at a function here on Saturday underscored the need for achieving sustainable development goals (SDGs) by 2030 through cordial efforts and active participation of all section of people in the society.

"The main theme of the SDGs is that no development works will be done in the country keeping anybody behind and backward, and five pillars of SDGs are Partner, Peace, Prosperity, Planet and People", they said.

They made the comments while addressing a Gaibandha Dialogue entitled "Role of Well-Protection Programmes to implement SDGs at Grassroots Level" at Radhakrishnapur of Sadar Upazila here.

In cooperation with SKS Foundation, the function was held at the joint initiatives of Centre for Policy Dialogue and Oxfam in Bangladesh while the European Union provided the fund.

Whip of the Jatiya Sangshad and local lawmaker Mahabub Ara Begum Gini attended the function and addressed it as chief guest and Additional Deputy Commissioner (Revenue) Tofael Hossain was present as special guest on behalf of Deputy Commissioner Abdul Matin while fellow of CPD Dr. Debprio Bhattacharjwa presided over the ceremony.

Fellow of CPD Professor Mostafizur Rahman, chief executive of SKS Foundation Rasel Ahmed Liton, Acting Country Director of Oxfam in Bangladesh Aparna Barma, Programme Manager Dr. Khalid Hossain, Executive Chief of CPD Dr. Fahmida Khatun addressed the function, among others.

A PowerPoint presentation on the 17 goals of sustainable development was presented by senior research fellow Towfiqul Islam Khan.

The goals are on poverty, zero hunger, good health and well-being, quality education, gender equality, clean water and sanitation, affordable and clean energy, decent work and economic growth, industry innovation and infrastructure.

The goals also include reduced inequalities, sustainable cities and communities, responsible consumption and production, climate action, life below water, life on land, peace, justice and strong institutions, and partnerships for the goals.

Later, the participants wrote down challenges of SDGs and then, presented these in the house during the open discussion session to solve the barriers in a bid to achieve the SDGs locally.

Whip of the Jatiya Sangshad Mahabub Ara Begum Gini said Bangladesh is moving forward and showing healthy sign of progress in economic and social fields including that of SDGs.

Bangladesh has already graduated into a development country at the leadership of Prime Minister Sheikh Hasina though it will be turned into a middle income one by 2021 and the developed one by 2041, the whip also said.

About 150 participants from all section of the society including district level officials, UNOs, public representatives, political leaders, teachers, social workers, cultural personalities, and journalists of print and electronic media took part in the dialogue.

The Daily Star

Date:24-02-2019 Page:17, Col 1-4 Size:22 col*inc

# Skilled workforce a must to attain SDGs

## *Speakers say at CPD dialogues in Rangpur, Gaibandha*

OUR CORRESPONDENT, *Dinajpur*

Bangladesh will not be able to attain the Sustainable Development Goals (SDGs) without strengthening youth development organisations and creating jobs for the unemployed young people, speakers said at a dialogue on Friday.

The Centre for Policy Dialogue (CPD), the Nagorik Uddyog and the Jago Foundation jointly organised the discussion titled "Electoral pledges and youth agenda" at a hotel in Rangpur city.

A large number of young people from Rangpur and other districts were present.

Mostafizar Rahman Mostafa, mayor of the Rangpur City Corporation, urged the youth to develop technical skills alongside receiving general education.

"One type of education is not enough for an individual to qualify in the competitive job market," he said, urging the government to create jobs for the unemployed youth.




CPD

**Debapriya Bhattacharya, a distinguished fellow of the CPD, speaks at a discussion on SDG implementation in Gaibandha yesterday. Mustafizur Rahman, *extreme right*, another distinguished fellow, was present.**

Debapriya Bhattacharya, a distinguished fellow of the CPD, said the proposed special economic zone in Rangpur can create jobs for a large number of unemployed youth in the region.

Alongside government initiatives, entrepreneurs are needed to achieve the SDGs, he said, adding that the SDGs cannot be attained leaving a single individual behind.

Moloy Kishore Bhattyachariya, a former professor of Carmichael College in Rangpur, and Zakir Hossain, chief executive of the Nagorik Uddyog, also spoke.

Dhaka Tribune
Date:24-02-2019 Page 25 Col 6-8 Size: 23 Col*Inc

# Experts: Monitor development projects for effective delivery of services

**UNB**

Speakers at a dialogue in Gaibandha yesterday said local government institutions and representatives can partner with community-based organizations in the selection of beneficiaries and monitoring of development projects for the effective delivery of related services.

The local government institutions of Bangladesh have been implementing a number of development projects under the Social Safety Net Program (SSNP), to provide community-based services for vulnerable sections of society, they said.

However, key challenges for the projects relate to ensuring the quality of implementation and adequate provision of services, the speakers added.

The achievement of the Sustainable Development Goals (SDGs) hinges on the effective implementation of the projects, and there is a need for creating a local database for selecting program beneficiaries with inclusive development in mind, they said.

The Centre for Policy Dialogue (CPD) and Oxfam jointly organised the dialogue, with support from the SKS Foundation, said a CPD press release. The event was held under a project titled "Enhancing the participation of community-based organizations (CBOs) and civil society organizations (CSOs) in democratic governance of Bangladesh."

The program is being implemented by the CPD and Oxfam, with support from the European Union (EU). The keynote presentation and discussions at the dialogue were based on an ongoing study conducted by the CPD.

Towfiqul Islam Khan, a CPD senior research fellow, delivered the keynote presentation titled "The Role of Social Safety Net Programs in SDG Delivery at the Local Level".

Mahabub Ara Begum Gini, MP and whip of the Bangladesh National Parliament, was

>> B2 COLUMN 6

# Experts: Monitor development projects for effective delivery of services

<< B1 COLUMN 6

present at the dialogue as the chief guest. Additional Deputy Commissioner (Revenue) and Gaibandha Additional District Magistrate Md Tofayel Hossainwas present as a special guest.

Prof Mustafizur Rahman, a CPD Distinguished Fellow, summarized the key points from the discussion as the distinguished discussant. Dr Debapriya Bhattacharya, another CPD Distinguished Fellow, chaired the dialogue.

Public representatives, local government officials, representatives of various civil society and grassroots organisations working in Gaibandha, and representatives from the private sector took part in the event.

The keynote presentation focused on the role of and budgetary allocation for social safety net programs, both nationally and for Gaibandha, and why it is necessary to raise the quality and delivery of services, particularly for marginalised groups in the society. •

শেয়ার বিজ
Date:24-02-2019 Page:10 Col:1-4 Size:27.5 Col*Inc




গতকাল গাইবান্ধায় সিপিডি আয়োজিত 'স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়ন : সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা' শীর্ষক সংলাপ অনুষ্ঠিত হয়

ছবি সিপিডি

### গাইবান্ধায় সিপিডির সংলাপে বক্তারা

# স্থানীয় প্রতিষ্ঠানগুলোকে সেবা প্রদান নিশ্চিত করতে হবে

**শেয়ার বিজ ডেস্ক**

সমাজে পিছিয়ে পড়া মানুষদের জন্য সামাজিক সুরক্ষা কর্মসূচির (এসএসএনপি) অধীনে বাংলাদেশের স্থানীয় সরকারি প্রতিষ্ঠানগুলোর বেশ কিছু উন্নয়ন পরিকল্পনা রয়েছে। তবে এসব সেবা প্রদানের ক্ষেত্রে এখনও নানামুখী সমস্যা রয়েছে। এসডিজি বাস্তবায়ন ও উন্নয়নের সুফল প্রান্তিক পর্যায়ে পৌঁছে দিতে সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যকর ভূমিকা পালন করতে হবে বলে মনে করেন বিশিষ্টজনেরা।

গতকাল গাইবান্ধায় আয়োজিত 'স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়ন : সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা' শীর্ষক এক সংলাপে এসব তথ্য উঠে আসে।

সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি), অক্সফাম ইন বাংলাদেশ ও এসকেএস ফাউন্ডেশনের সহযোগিতায় স্থানীয় এসকেএস ইন রিসোর্টে এ সংলাপ অনুষ্ঠিত হয়। সিপিডি ও অক্সফাম ইন বাংলাদেশের যৌথ উদ্যোগে এবং ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় বাস্তবায়িত 'গণতান্ত্রিক সুশাসনে জনসম্পৃক্ত প্রতিষ্ঠানের অংশগ্রহণ' শীর্ষক এক প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে সংলাপটি আয়োজন করা হয়।

সংলাপে সিপিডির সিনিয়র রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান 'স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা' শীর্ষক মূল প্রতিবেদন উপস্থাপন করেন। মূল প্রতিবেদনে তিনি সামাজিক সুরক্ষার সব কার্যক্রমের ভূমিকা, বাজেট বরাদ্দ এবং এর কার্যকারিতার বিভিন্ন সমস্যা ও সমাধানের পরামর্শ তুলে ধরেন।

ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম, নির্বাচিত প্রতিনিধিদের ভূমিকা, তথ্য প্রদান এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বয়ের মতো গুরুত্বপূর্ণ সুপারিশ মূল প্রতিবেদন থেকে উঠে আসে।

সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে সংলাপে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি। বিশেষ অতিথি ছিলেন গাইবান্ধার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. তোফায়েল হোসেন।


সিপিডির ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান অনুষ্ঠানে আলোচনার সারসংক্ষেপ উপস্থাপন করেন।

সংলাপে আরও উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও স্থানীয় জনসম্পৃক্ত প্রতিষ্ঠান এবং ব্যক্তি খাতের প্রতিনিধি।

অপর্যাপ্ত বরাদ্দ, ত্রুটিপূর্ণ টার্গেট এবং সেবা প্রদানকারী সংস্থাগুলোর সমন্বয়হীনতা সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুষ্ঠু সেবা প্রদানকে বিঘ্নিত করছে বলে সংলাপের উন্মুক্ত আলোচনা থেকে উঠে আসে।

আমাদের সময়

Date: 24-02-2019 Page:01,Col: 6-8 Size:08 Col*Inc



# লক্ষ্য অর্জনে বাংলাদেশ বদ্ধপরিকর

**গাইবান্ধা প্রতিনিধি ●**

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেছেন, বাংলাদেশ ২০৩০ সাল নাগাদ একটি উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশ হওয়ার লক্ষ্য নিয়ে অগ্রযাত্রা শুরু করেছে। এই লক্ষ্য অর্জনে বাংলাদেশ বদ্ধপরিকর। গতকাল গাইবান্ধায় 'সামাজিক সুরক্ষা কর্মসূচির ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## লক্ষ্য অর্জনে

(প্রথম পৃষ্ঠার পর) ভূমিকা শীর্ষক গাইবান্ধা সংলাপ'-এ সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ড. দেবপ্রিয় আরও বলেন, জাতীয় পর্যায়ে সামাজিক ও নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাবঞ্চিত পিছিয়ে পড়া এবং বিপন্ন জনগোষ্ঠীগুলোকে নাগরিক অধিকার নিশ্চিত করতে সহায়তার কার্যক্রম শুরু করা হয়েছে। এই লক্ষ্যে গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে– গ্রামীণ দরিদ্র, বিধবা, বৃদ্ধ, দরিদ্র নারী ও শিশু, আদিবাসী সম্প্রদায়, অক্ষম জনগোষ্ঠীর জন্য বিশেষায়িত পরিষেবা, গ্রামীণ নারীদের কর্মসংস্থান সৃষ্টি করে আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলা।

সংলাপে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি এমপি। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তোফায়েল হোসেন। আরও উপস্থিত ছিলেন সিপিডির ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান, এসকেএস ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাসেল আহমেদ লিটন, অক্সফাম ইন বাংলাদেশের প্রোগ্রাম ম্যানেজার ড. খালিদ হোসেন, ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর, অপর্ণা বর্মা, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ।

সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও অক্সফাম ইন বাংলাদেশের যৌথ উদ্যোগে এবং ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহযোগিতায় এ সংলাপ অনুষ্ঠিত হয়। গাইবান্ধার স্বেচ্ছাসেবী সংগঠন এসকেএস ফাউন্ডেশন এতে সার্বিক সহযোগিতা করে।

# কালের কণ্ঠ

Date:24-02-2019 Page:04, Col:7-8 Size:16 Col*Inc





সংলাপে বক্তব্য দেন সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য

### গাইবান্ধায় সংলাপে বক্তারা

# এসডিজি বাস্তবায়নে স্থানীয় প্রশাসনের কার্যকর ভূমিকা প্রয়োজন

**গাইবান্ধা প্রতিনিধি ▷**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে স্থানীয় সরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যকর ভূমিকা প্রয়োজন। সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়নে (এসএসএনপি) স্থানীয় সরকারি প্রতিষ্ঠানগুলোর বেশ কিছু উন্নয়ন পরিকল্পনা রয়েছে। তবে এসব সেবা প্রদানের ক্ষেত্রে এখনো নানামুখী সমস্যা রয়েছে। গতকাল শনিবার গাইবান্ধায় আয়োজিত 'স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়ন : সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা' শীর্ষক এক সংলাপে বক্তারা এসব কথা বলেন। গাইবান্ধার এসকেএস ইন মিলনায়তনে সংলাপে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও অক্সফাম ইন বাংলাদেশের যৌথ উদ্যোগে এ সংলাপ অনুষ্ঠিত হয়।

সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় এ সংলাপে অন্যদের মধ্যে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তোফায়েল হোসেন, সিপিডির ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান, এসকেএস ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাসেল আহমেদ লিটন, অক্সফাম ইন বাংলাদেশের প্রগ্রাম ম্যানেজার ড. খালিদ হোসেন, ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর অপর্ণা বর্মা, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির সিনিয়র রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান।

সিপিডির সিনিয়র রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান বলেন, এসডিজি বাস্তবায়নে সামাজিক সুরক্ষার কার্যক্রমে বাজেট বরাদ্দ এবং এর কার্যকারিতার বিভিন্ন সমস্যা আছে। এ ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম বাড়ানো, নির্বাচিত প্রতিনিধিদের কার্যকর ভূমিকা, তথ্য প্রদান এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর সমন্বয়ের ওপর জোর দেন তিনি।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত দেশ হওয়ার লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে। এ জন্য জাতীয় পর্যায়ে সামাজিক ও নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাবঞ্চিত পিছিয়ে পড়া ও বিপন্ন জনগোষ্ঠীগুলোকে তাদের নাগরিক অধিকার নিশ্চিত করতে সহায়তাদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে গ্রামীণ দরিদ্র, বিধবা, বৃদ্ধ, দরিদ্র নারী ও শিশু, আদিবাসী সম্প্রদায়, অক্ষম জনগোষ্ঠীর জন্য বিশেষায়িত পরিষেবা, গ্রামীণ নারীদের আত্মনির্ভরতা ও কর্মসংস্থান সৃষ্টি করা।

দৈনিক করতোয়া
The Daily Karatoa
Date:24-02-2019 Page:05, Col 4-7 Size: 16.5 Col* Inc




*'গণতান্ত্রিক সুশাসনে জনসম্পৃক্ত প্রতিষ্ঠানের অংশ গ্রহণে স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা শীর্ষক গাইবান্ধা সংলাপ' গতকাল জেলা শহর সংলগ্ন রাধাকৃষ্ণপুর এসকেএস ইন মিলানয়তনে অনুষ্ঠিত হয়। সংলাপে বক্তব্য রাখেন জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি -করতোয়া*

# স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে সামাজিক সুরক্ষা শীর্ষক গাইবান্ধা সংলাপ অনুষ্ঠিত

**গাইবান্ধা জেলা প্রতিনিধি :** 'গণতান্ত্রিক সুশাসনে জনসম্পৃক্ত প্রতিষ্ঠানের অংশ গ্রহণে স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে সামাজিক সুরক্ষা কর্মসূচির ভূমিকা শীর্ষক গাইবান্ধা সংলাপ গতকাল শনিবার জেলা শহর সংলগ্ন রাধাকৃষ্ণপুর এসকেএস ইন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সংলাপে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের হুইপ মাহাবুব আরা বেগম গিনি এমপি। সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) ও অক্সফাম ইন বাংলাদেশের যৌথ উদ্যোগে এবং ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহযোগিতায় এই সংলাপ হয়। গাইবান্ধার স্বেচ্ছাসেবী সংগঠন এসকেএস ফাউন্ডেশন এতে সার্বিক সহযোগিতা করে। সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) এর ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে এবং সঞ্চালনায় এই সংলাপে বিশেষ অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তোফায়েল হোসেন। সংলাপে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- সিপিডি'র ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান, এসকেএস ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাসেল আহমেদ লিটন, অক্সফাম ইন বাংলাদেশের প্রোগ্রাম ম্যানেজার ড. খালিদ হোসেন, ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর অপর্ণা বর্মা, সিপিডি'র নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডি'র সিনিয়র রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান। এছাড়া মুক্ত আলোচনায় অংশ গ্রহণ করেন জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা মো. আব্দুল লতিফ, জেলা সমাজসেবা কর্মকর্তা এমদাদুল হক প্রামানিক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নার্গিস জাহান, সাংবাদিক আবেদুর রহমান স্বপন, আফরোজা লুনা প্রমুখ। প্রধান অতিথিসহ বক্তারা বলেন, বাংলাদেশ ২০৩০ সাল নাগাদ একটি উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশ হওয়ার লক্ষ্য নিয়ে অগ্রযাত্রা শুরু করেছে। এজন্য জাতীয় পর্যায়ে সামাজিক ও নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধা বঞ্চিত পিছিয়ে পড়া ও বিপন্ন জনগোষ্ঠীগুলোকে তাদের নাগরিক অধিকার নিশ্চিত করতে সহায়তা করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যে গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে- গ্রামীণ দরিদ্র, বিধবা, বৃদ্ধ, দরিদ্র নারী ও শিশু, আদিবাসী সম্প্রদায়, অক্ষম জনগোষ্ঠীর জন্য বিশেষায়িত পরিসেবা, গ্রামীণ নারীদের আত্মনির্ভরতা ও কর্মসংস্থান সৃষ্টি করা। এ প্রেক্ষাপটে এই গাইবান্ধা সংলাপের উদ্দেশ্য হলো- এসডিজি সংশি-ষ্ট যেসব সামাজিক নিরাপত্তা কর্মসূচি রয়েছে সেগুলো সম্পর্কে স্থানীয় পর্যায়ে এ কর্মসূচি বাস্তবায়নের সাথে যুক্ত জনসম্পৃক্ত প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিদের অবহিত করা ও এগুলোর বাস্তবায়ন সুষ্ঠু এবং তরান্বিত করার লক্ষ্যে সরকারি কর্তৃপক্ষ ও জনসম্পৃক্ত প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিদের সক্রিয় করা। সংলাপে জনপ্রতিনিধি, জেলা প্রশাসন ও জেলা পর্যায়ের বিভাগীয় সরকারি কর্মকর্তা, গাইবান্ধার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, এনজিও প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ গ্রহণ করেন।

সমকাল
Date:24-02-2019 Page:13, Col:4-4 Size:06 Col*Inc

## গাইবান্ধায় সংলাপে বক্তারা

# এসডিজি অর্জনে সামাজিক সুরক্ষা কর্মসূচি বাড়াতে হবে

গাইবান্ধা প্রতিনিধি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতা বাড়াতে হবে। একই সঙ্গে সুশাসন নিশ্চিত করতে হবে, যাতে মানুষের নায্য অধিকার নিশ্চিত হয়।

গতকাল শনিবার গাইবান্ধায় সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) ও অক্সফাম বাংলাদেশের যৌথভাবে আয়োজিত এক সংলাপে বক্তারা এসব কথা বলেন। শহরের এসকেএস ইন মিলনায়তনে সংলাপে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মাহবুব আরা বেগম গিনি। সিপিডির সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় প্রতিষ্ঠানের সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন, অতিরিক্ত জেলা প্রশাসক তোফায়েল আহম্মেদ, অক্সফাম বাংলাদেশের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর অপর্ণা বর্মা, এসকেএস ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাসেল আহমেদ লিটন, প্রোগ্রাম ম্যানেজার খালিদ হোসেন প্রমুখ বক্তব্য দেন। মুল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির সিনিয়র রিসার্চ ফেলো তৌফিকুল ইসলাম খান। বক্তারা বলেন, বাংলাদেশ ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হওয়ার লক্ষ্য নিয়ে এগোচ্ছে। এর আগে ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন করতে হবে। এ লক্ষ্য হচ্ছে সবাইকে নিয়ে এগোনোর। এ জন্য জাতীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাবঞ্চিত, পিছিয়ে পড়া ও বিপন্ন জনগোষ্ঠীগুলোকে নিয়ে আসতে হবে।